



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

৮২, সেগুনবাগিচা, ঢাকা

www.nha.gov.bd



প্রসপেক্টাস ও আবেদনপত্র

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, ঢাকা ডিভিশন-১ এর অধীন
মিরপুর হাউজিং এস্টেটে বাণিজ্যিক প্লট বরাদ্দের

মূল্য: ৫০০০.০০ টাকা মাত্র

নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা।

প্রসপেক্টাস ও আবেদনপত্র

১.০ আবেদনকারীর যোগ্যতা :

- ১.১ আত্মহী নিলামে অংশগ্রহণকারীগণকে প্রকৃত বাংলাদেশী নাগরিক বা সরকারি/ বেসরকারি কোম্পানী/প্রতিষ্ঠান হতে হবে।
- ১.২ ব্যক্তি আবেদনকারীর জন্ম তারিখ ০১-১০-২০২৫ ইং তারিখে কমপক্ষে ২৫ বছর হতে হবে।
- ১.৩ বিদেশে বসবাসরত বাংলাদেশের ব্যবসায়ী নাগরিকগণ (NRB) বাণিজ্যিক পুট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন এবং তাঁদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক / বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে FC Account Number : 0211-130000300 হিসাবে SWIFT CODE: BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH- এর মাধ্যমে ২০ (বিশ) মার্কিন ডলার জমা প্রদানক্রমে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) থেকে ডাউনলোড করে প্রসপেক্টাস ও আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন।
- ১.৪ সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ব্যবসা পরিচালনার জন্য বাণিজ্যিক পুট বরাদ্দের আবেদন করতে পারবেন।

২.০ : প্রসপেক্টাস ও আবেদন ফরম ক্রয় ও জমা প্রদান :

- ২.১ ওয়ান ব্যাংক পিএলসির নিম্নলিখিত শাখা সমূহে অফিস চলাকালীন সময়ে নগদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা গ্রহণ স্বাপেক্ষে পত্রিকায় প্রকাশিত তারিখ অনুযায়ী পুটের প্রসপেক্টাস বিক্রয় করা হবে।
 - (১) ওয়ান ব্যাংক পিএলসি, গৃহায়ন ভবন বুথ শাখা, ৮২, সেগুনবাগিচা, ঢাকা।
 - (২) ওয়ান ব্যাংক পিএলসি, আরএসএইচ টাওয়ার, পুট নং-২৩, রোড নং-৩, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা।
 - (৩) ওয়ান ব্যাংক পিএলসি, রিং রোড শাখা, শম্পা সুপার মার্কেট, ৬/৭, আদর্শ নীড়, রিং রোড, শ্যামলী, ঢাকা।
 - (৪) ওয়ান ব্যাংক পিএলসি, রাজশাহী শাখা-৮৮-৯১, স্টেশন রোড, রানী বাজার, বোয়ালিয়া, রাজশাহী।
 - (৫) ওয়ান ব্যাংক পিএলসি, বগুড়া শাখা, ৭৩৯/এ, রাবু টাওয়ার, বগুড়া-রংপুর সড়ক, বড়গোলা, বগুড়া।
 - (৬) ওয়ান ব্যাংক পিএলসি, রংপুর শাখা, শাহবাড়ী টাওয়ার, ২৮৬ স্টেশন রোড, গুপ্তপাড়া, রংপুর।
 - (৭) ওয়ান ব্যাংক পিএলসি, বরিশাল শাখা, কে জাহান সেন্টার, ১০৬, সদর রোড, কোতয়ালী, বরিশাল।
 - (৮) ওয়ান ব্যাংক পিএলসি, খুলনা শাখা, জে কে টাওয়ার, ৭৯ যশোর রোড, পিকচার প্যালেস, খুলনা।
 - (৯) ওয়ান ব্যাংক পিএলসি, সিডিএ এভিনিউ শাখা, এভিনিউ সেন্টার, ৭৮৭/এ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম।
 - (১০) ওয়ান ব্যাংক পিএলসি, সিলেট শাখা, ফিরোজ সেন্টার, ৮৯১/ক, চৌহাট্টা, সিলেট।
 - (১১) ওয়ান ব্যাংক পিএলসি, কুমিল্লা শাখা, হোল্ডিং নম্বর-৩৪৯, সহিদ খাজা নাজিম উদ্দিন রোড, বাদুরতলা, কোতয়ালী, কুমিল্লা।
 - (১২) ওয়ান ব্যাংক পিএলসি, মাইজদী কোর্ট শাখা, মাইজদী পৌর সুপার মার্কেট, মাইজদী, নোয়াখালী।
 - (১৩) ওয়ান ব্যাংক পিএলসি, যশোর শাখা, এম এস অর্কিড সেন্টার, ৪৪, এম.কে রোড, যশোর।
 - (১৪) ওয়ান ব্যাংক পিএলসি, কুষ্টিয়া শাখা, খুশি প্লাজা, ২৫৮ এন এস রোড, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
 - (১৫) ওয়ান ব্যাংক পিএলসি, ফরিদপুর শাখা, খান ট্রেড সেন্টার (২য় তলা), ২১৩, ৯৮, মুজিব রোড, ফরিদপুর সদর, ফরিদপুর।
- ২.২ আত্মহী ব্যক্তিগণকে এ প্রসপেক্টাসের সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে (সংযুক্ত আবেদন ফরম) আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে সংযুক্ত ফরমটি বিমুক্ত করে যথাযথভাবে পূরণ পূর্বক নির্ধারিত তারিখ ও বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিম্নে উল্লিখিত অফিস/ কার্যালয় সমূহে জমা দিতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোনো দরপত্র গ্রহণ করা হবে না।
 - (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
 - (২) পুলিশ কমিশনার, ঢাকা।
 - (৩) প্রশাসন অধিশাখা-১৭, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - (৪) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 - (৫) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা।

- ২.৩ প্রসপেক্টাসের ৬.০ অনুচ্ছেদে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ২.৪ অস্পষ্ট/অসম্পূর্ণ/ভুল/অসত্য তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২.৫ আবেদনকারী কর্তৃক কাঠা প্রতি উদ্ধৃত মূল্যের সর্বনিম্ন ১০% টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসাবে জমা দিতে হবে। তবে উদ্ধৃত মূল্য নির্ধারিত সর্বনিম্ন মূল্যের চেয়ে কম হবে না।
- ২.৬ হাউজিং এজেন্টের নাম, রোড নম্বর, ব্লক নম্বর, প্লট নম্বর, প্লটের আয়তন, সংখ্যা ও সর্বনিম্ন মূল্যের বিবরণ নিম্নে দেওয়া হলো:

মিরপুর হাউজিং এস্টেট, ঢাকা।

সেকশন	ব্লক	এভিনিউ/ রোড/ লেন নম্বর	প্লট নম্বর	জমির পরিমাণ (কাঠা)	প্রতি কাঠা জমির সর্বনিম্ন মূল্য (আবাসিক প্লটের মূল্যের দ্বিগুন)
১	জি	১২০'-০" প্রশস্ত প্রধান সড়ক নং-২, (চিড়িয়াখানা রোড)	২৫	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	জি		২৬	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	জি		২৭	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	জি		২৮	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	জি		২৯	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	জি		৩০	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	জি		৩১	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	ই		৩২	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	ই		৪৫	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	ই		৪৬	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	ই		৫৫	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	ই		৫৮	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
১	ই		৬০	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	ডি		১২০'-০" প্রশস্ত প্রধান সড়ক নং-২, (চিড়িয়াখানা রোড)	৬৮	৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা
২	ডি	৬৯		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	ডি	৭১		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	ডি	৭৫		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	ডি	৭৬		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	এ	৮০		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	এ	৮৪		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	এ	৮৫		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	এ	৮৬		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	এ	৯০		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা
২	এ	৯১		৩০'-০" x ৭০'-০" = ২.৯২ কাঠা	১ (এক) কোটি টাকা

৬	ক	প্রধান সড়ক নং-১	১	৩০'-০" x ৭৫'-০" = ৩.১২৫ কাঠা	১ (এক) কোটি টাকা
৬	ক		২	৩০'-০" x ৭৫'-০" = ৩.১২৫ কাঠা	১ (এক) কোটি টাকা
৬	ক		৩	৩০'-০" x ৭৫'-০" = ৩.১২৫ কাঠা	১ (এক) কোটি টাকা
৬	ক		৪	৩০'-০" x ৭৫'-০" = ৩.১২৫ কাঠা	১ (এক) কোটি টাকা
৬	ক		১৭	৩০'-০" x ৭৫'-০" = ৩.১২৫ কাঠা	১ (এক) কোটি টাকা
৬	খ	প্রধান সড়ক নং-১	৩১	৩০'-০" x ৭৫'-০" = ৩.১২৫ কাঠা	১ (এক) কোটি টাকা
৬	খ		৩৭	৩০'-০" x ৭৫'-০" = ৩.১২৫ কাঠা	১ (এক) কোটি টাকা
৭	-	প্রধান সড়ক নং-৩	১৩	৪৫'-০" x ৭০'-০" = ৪.৩৭৫ কাঠা	১ (এক) কোটি টাকা
সর্বমোট প্লট সংখ্যা =			৩২ টি		

- ২.৭ যিনি বাণিজ্যিক প্লট বরাদ্দ পাবেন তার জামানতের টাকা সংশ্লিষ্ট প্লটের ১ম কিস্তির সাথে সমন্বয় করা হবে। যিনি বাণিজ্যিক প্লট বরাদ্দ পাবেন না তার জামানতের টাকা বরাদ্দ প্রাপক নির্ধারিত হওয়ার ১ মাসের মধ্যে আবেদন স্বাপেক্ষে সুদবিহীন ফেরত দেওয়া হবে।
- ২.৮ সকল আবেদনকারী তাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে ফেরত পেতে ইচ্ছুক তার একাউন্ট নম্বর, রাউটিং নম্বর, ব্যাংকের নাম ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করবেন।
- ২.৯ বিদেশে বসবাসরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) বাণিজ্যিক প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। তারা অবশ্যই সমপরিমাণ টাকা পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC Account Number: No. 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH - এর মাধ্যমে প্রদান করবেন। তাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। (NRB) আবেদনকারীর ক্ষেত্রে জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায়/ব্যাংক ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে না।

৩.০ বাণিজ্যিক প্লটের মূল্য ও দখল হস্তান্তর সংক্রান্ত:

- ৩.১ লিড কভারে সিলগালা অবস্থায় দাখিলকৃত টেন্ডারের মাধ্যমে নিলামে প্লটের অবস্থান অনুযায়ী জমির দর উল্লেখ করতে হবে। জমির মূল্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ২.৬ নম্বর ক্রমিকে বর্ণিত সর্বনিম্ন মূল্যের কম হবে না। সর্বোচ্চ Responsive দরদাতাকে দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার অনুমোদনক্রমে প্লট বরাদ্দ দেওয়া হবে।
- ৩.২ জমির মূল্য পরিশোধ পদ্ধতি:
(ক) নির্বাচিত সর্বোচ্চ দরদাতাকে অবশ্যই সম্পূর্ণ অর্থ বরাদ্দপত্র প্রাপ্তির পর বরাদ্দপত্রের শর্ত মোতাবেক এককালীন অথবা ৯% কিস্তি সুবিধা ফি সহ ১ বছরের মধ্যে সর্বোচ্চ দুটি কিস্তিতে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর ব্যাংক ড্রাফট/ডিমান্ড ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ উক্ত বাণিজ্যিক প্লট এর বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

(খ) যারা বরাদ্দের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমির মূল্যের প্রথম কিস্তির টাকা পরিশোধ করতে ব্যর্থ হবেন তারা অতিরিক্ত ০৩ (তিন) মাস পর্যন্ত ৯% বিলম্ব ফি সহ ১ম কিস্তির টাকা পরিশোধ করতে পারবেন। অন্যথায় তাদের বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন নোটিশ জারী করা হবে না।

(গ) প্লটের সম্পূর্ণ মূল্য পরিশোধের ০৩ মাসের মধ্যে অবৈধ দখলদার উচ্ছেদ পূর্বক প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিস্ট্রি করার ব্যবস্থা আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে করা হবে। রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার বরাদ্দ গ্রহিতাকে বহন করতে হবে।

(ঘ) লীজ দলিল সম্পাদনের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর ছাড়পত্র এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদিত নকশা অনুযায়ী বাণিজ্যিক ভবন নির্মাণ করতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল পূর্বক জমাকৃত অর্থের ১০% বাজেয়াপ্ত করে অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হবে।

৩.৩.১ বার্ষিক কিস্তি এর অর্থ যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে খেলাপী অর্থ ১১% বিলম্ব ফি সহ পাঁচ বছর পর্যন্ত পরিশোধ করা যাবে।

৩.৩.২ খেলাপী অর্থ ৫(পাঁচ) বছরের অধিককাল অপরিশোধিত থাকলে বরাদ্দ বাতিল হবে। তবে, বরাদ্দ প্রাপকের আবেদনক্রমে যুক্তিসংগত কারণ বিবেচনায় ৫(পাঁচ) বছরের অধিক খেলাপী অর্থ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড-এর অনুমোদনক্রমে পরিশোধ করা যাবে।

৩.৪ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ নির্ধারিত এফ সি একাউন্টস এর মাধ্যমে অথবা বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করতে পারবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রার বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।

৩.৫ প্রসপেক্টাসে উল্লিখিত প্লটগুলি অবৈধ দখলে রয়েছে। বরাদ্দপত্র জারীর পর বাস্তব দখল গ্রহণের পূর্বে অবৈধ দখলদার উচ্ছেদ করে প্লট হস্তান্তর করা হবে। এক্ষেত্রে প্লটের হস্তান্তর প্রক্রিয়া বিলম্বিত হতে পারে। সরেজমিনে পরিদর্শন করে প্লটের বাস্তব অবস্থা সম্পর্কে অবগত হয়ে প্লট বরাদ্দের জন্য আবেদন করার জন্য উৎসাহিত করা যাচ্ছে।

৪.০ বরাদ্দ বাতিলকরণ:

৪.১ প্লট বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি প্লট বরাদ্দ পাওয়ার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত বা ধারা লঙ্ঘন করলে তাঁর বরাদ্দপত্র বাতিল বলে গণ্য হবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৪.২ বাণিজ্যিক প্লটের বরাদ্দগ্রহীতা কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত বরাদ্দকৃত প্লটের বন্ধক, লীজস্বত্ব হস্তান্তর, কোন দায় সৃজন বায়না, পাওয়ার অব এটার্শি (আম-মোক্তার) ইত্যাদি প্রদান করতে পারবেন না। এই শর্ত ভঙ্গের কারণে বরাদ্দপত্র বাতিল করা হবে।

৪.৩ বরাদ্দকৃত প্লটের বিপরীতে পরিশোধযোগ্য সমুদয় টাকা পরিশোধের পূর্বে বরাদ্দপ্রাপক যদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট বরাদ্দকৃত বাণিজ্যিক প্লট সমর্পণের জন্য লিখিত আবেদন করেন, সেই ক্ষেত্রে হালনাগাদ পর্যন্ত জমাকৃত সমুদয় টাকার ১০% কর্তন করে অনধিক ৩ মাসের মধ্যে বাকী অর্থ বিনাসুদে ফেরতসহ দোকান সমর্পণের জন্য সম্মতি দেয়া হবে।

৫.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলী:

৫.১ কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যেকোন দরখাস্ত বাতিল বা গ্রহণ করার এবং ইজারা দলিল (Lease Deed) সম্পাদিত হওয়ার পূর্বে শর্ত পরিবর্তন/ পরিবর্তন/ সংযোজন/ বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।

৫.২ বরাদ্দপ্রাপ্ত বাণিজ্যিক প্লট ব্যবসা ব্যতীত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

৫.৩ প্লটের হস্তান্তরের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫.৪ প্লটে ইমারত নির্মাণের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫.৫ নিলাম গ্রহীতার কারণে বাণিজ্যিক স্পেস হস্তান্তরে বিলম্ব হলে নিলামকৃত বাণিজ্যিক স্পেসটি বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে প্রদত্ত সমুদয় টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।

৫.৬ যদি অনিবার্য কারণ বশত: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক আলোচ্য বাণিজ্যিক প্লট হস্তান্তরে বিলম্ব হয় তবে সেক্ষেত্রে নিলাম গ্রহীতা ভবিষ্যতে উক্ত সম্পত্তি অগ্রাধিকার বা ক্ষতিপূরণের ব্যাপারে কোন ক্ষতিপূরণ দাবি করতে পারবে না।

৫.৭ যদি অনিবার্য কারণ বশত: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বাণিজ্যিক প্লট হস্তান্তরে অপারগ হয় তবে সেক্ষেত্রে সমুদয় অর্থ কোন লভ্যাংশ দাবি কিংবা ক্ষতিপূরণ ছাড়াই ফেরত দেয়া হবে। এ ব্যাপারে নিলাম গ্রহীতা ভবিষ্যতে উক্ত সম্পত্তি অগ্রাধিকার বা ক্ষতিপূরণের ব্যাপারে কোন ওজর আপত্তি বা ক্ষতিপূরণ দাবি করতে পারবে না।

৬.০ আবেদনকারীগণকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৬.১ প্রকৃত ব্যবসার হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট নিবন্ধনের সত্যায়িত কপি।

৬.২ এছাড়াও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চাহিদানুযায়ী অন্যান্য পরিপূরক বা সম্পূরক সনদপত্রাদি/ কাগজপত্রাদি।

৬.৩ আবেদনকারীর বয়স প্রমাণের জন্য এস,এস,সি/সমমানের পরীক্ষা পাশের সনদপত্র/জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্ম নিবন্ধন এর সত্যায়িত কপি।

৬.৪ দরপত্রের সাথে প্রস্তাবিত বাণিজ্যিক প্রতিষ্ঠানের ব্যবসার প্রকৃতি ও আনুমানিক বিনিয়োগ, প্রয়োজনীয় লোকবল, আনুমানিক ব্যবসায়িক লাভ ইত্যাদি বিস্তারিত বিবরণ প্রদান করতে হবে।

৬.৫ ব্যাংক সম্পত্তির প্রমাণক স্বরূপ লেটার অব ক্রেডিট কমিটমেন্ট।

৬.৬ যথাযথভাবে পূরণকৃত আবেদন ফর্ম ও হলফনামা।

৬.৭ আবেদনপত্র ক্রয়ের রশিদ, জামানতের সমপরিমাণ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।

৭.০ প্লট বরাদ্দের নিয়মাবলী:

৭.১ লিড কভারে সিলগালা অবস্থায় দাখিলকৃত টেন্ডারের মাধ্যমে নিলামে প্লটের কাঠা প্রতি ও মোট মূল্য উল্লেখ করতে হবে। প্রতি কাঠা জমির উদ্বৃত্ত মূল্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত (২.৬ অনুচ্ছেদে বর্ণিত) জমির সর্বনিম্ন মূল্য থেকে কম হবে না। সর্বোচ্চ Responsive দরদাতাকে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভায় অনুমোদনের পর প্লট বরাদ্দ দেওয়া হবে। পূরণকৃত নিলাম দরপত্র সীলগালা করে খামের উপরে বাংলায় নিম্নলিখিত ভাবে লিখতে হবে।
সেকশন.....,
রুক....., রোড/লেন নং....., প্লট নং..... জমির পরিমাণ:....., মিরপুর হাউজিং এস্টেট।

- ৭.২ একাধিক বাণিজ্যিক প্লটের বিপরীতে নিলামে অংশগ্রহণের ক্ষেত্রে প্রতিটি বাণিজ্যিক প্লটের জন্য আলাদাভাবে একটি করে সিডিউল ক্রয় করতে হবে এবং পৃথক ভাবে জামানত ও প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে।
- ৭.৩ যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ৭.৪ যদি একাধিক সমান রেটে সর্বোচ্চ দর দাতা (ব্যক্তি/কোম্পানি/প্রতিষ্ঠান) পাওয়া যায় সেক্ষেত্রে লটারির মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা হবে।

৮.০ বিবিধ:


- ৮.১ নিলাম দরপত্র বিক্রি শেষ হওয়ার পূর্বে নিলাম সংক্রান্ত কোন পরিবর্তন, পরিমার্জন, কিংবা পরিবর্ধন এই সংক্রান্ত বিজ্ঞপ্তি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে, নোটিশ বোর্ডে ও গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে পূর্বেই প্রকাশ করা হবে। এ ধরনের পরিবর্ধন, পরিমার্জন সম্পর্কে কোথাও কোন আপত্তি গ্রাহ্য হবে না, সকল ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।
- ৮.২ অংশগ্রহণকারী কর্তৃক দাখিলকৃত তথ্যের প্রতিটি পাতায় যথাযথ স্বাক্ষর ও সিল থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৮.৩ শর্তে উল্লেখ ব্যতীত অন্য কোন বিষয় কোন প্রকার জিজ্ঞাসা, অস্পষ্টতা উত্থাপিত হলে সে ব্যাপারে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং ইহা সকল ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ৮.৪ নিলামে অংশগ্রহণকারী অবশ্যই নিজ উদ্যোগে তার যোগাযোগের ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষকে লিখিত ভাবে অবহিত করবেন।
- ৮.৫ কথায় ও অংকে উদ্ধৃত দরের অস্পষ্টতা থাকলে কথা প্রাধান্য পাবে।
- ৮.৬ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতীত অন্য কাহারও নিকট বাণিজ্যিক প্লট/স্পেস হস্তান্তর করা যাবে না। তবে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং প্রচলিত হস্তান্তর ফি প্রদান স্বাপেক্ষে হস্তান্তর করা যাবে।



৯.০ ইজারা দলিল সম্পাদন:

- ৯.১ প্লটের সমুদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট থেকে দখল হস্তান্তর গ্রহণ এবং ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করতে হবে।
- ৯.২ বরাদ্দপ্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা কোন হাউজিং এসেট এর জন্য প্রয়োজ্য কোন শর্ত/ সুবিধাকে এ প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলে দাবী করতে পারবেন না।
- ৯.৩ প্রসপেক্টাস অনুমোদনকারী কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোন সময় প্রসপেক্টাসে বিদ্যমান অনুচ্ছেদ, উপ অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং নতুন অনুচ্ছেদ, উপ অনুচ্ছেদ সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ৯.৪ এ প্রসপেক্টাসে বিবৃত যে কোন শর্ত সম্পর্কে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর ব্যাখ্যা চূড়ান্ত মর্মে বিবেচিত হবে এবং তা সংশ্লিষ্ট সকলের উপর সমভাবে প্রয়োগযোগ্য হবে।

মোসা: ফেরদৌসী বেগম
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৮২ সেগুনবাগিচা, ঢাকা।
ফোন : (০২) ৯৫৬২৭৬২





জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

৮২, সেগুনবাগিচা, ঢাকা

www.nha.gov.bd



আবেদনপত্রের ক্রমিক নম্বর			

অফিস কর্তৃক পূরণ করতে হবে

ছবি

আবেদনপত্র

- ১। আবেদনকারীর নাম : (স্পষ্ট অক্ষরে) বাংলায়-----
ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে)-----
- ২। পিতার নাম : -----
- ৩। মাতার নাম :-----
- ৪। স্বামী / স্ত্রীর নাম :-----
- ৫। আবেদনকারীর জন্ম তারিখ:-----
- ৬। ০১/১০/২০২৫ খ্রি. তারিখে বয়স :-----বছর ----- মাস ----- দিন।
- ৭। বর্তমান ঠিকানা :-----

মোবাইল নম্বর :-----ই-মেইল :-----
- ৮। স্থায়ী ঠিকানা :-----
মোবাইল নম্বর :-----ই-মেইল :-----
- ৯। জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট নম্বর/ জন্ম নিবন্ধন নম্বর :-----
- ১০। ব্যবসা প্রতিষ্ঠানের নাম :-----
- ১১। ব্যবসা প্রতিষ্ঠানের ধরন : -----
- ১২। ব্যবসা প্রতিষ্ঠানের বিবরণ :
(ক) অফিস / ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা : -----
(খ) বার্ষিক মোট আনুমানিক বিনিয়োগ : -----
(গ) ব্যবসা প্রতিষ্ঠানে কর্মরত জনবল সংখ্যা : -----
- ১৩। ট্রেড লাইসেন্স নম্বর :-----লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষ :-----
- ১৪। ই টি আই এন নম্বর : -----
- ১৫। ভ্যাট নিবন্ধন নম্বর :-----
- ১৬। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের নম্বর :-----তারিখ: -----
- ১৭। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর জমাকৃত :
পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নম্বর : -----তারিখ:-----
টাকার পরিমাণ : -----(কথায়): -----
ব্যাংকের নাম : -----শাখা : -----
- ১৮। যে আয়তনের প্লটের জন্য আবেদন করতে ইচ্ছুক তার বিবরণ প্রসপেক্টাসের বর্ণিত ২.৬ অনুচ্ছেদে বর্ণিত প্লট সূমহ হতে যে কোন একটি প্লট নিতে হবে)
- | সেকশন | ব্লক নম্বর | রোড নম্বর | প্লট নম্বর | আবেদিত প্লটের আয়তন | উদ্ধৃত মূল্য (প্রতি কাঠা) | প্লটের মোট মূল্য (অংকে) | প্লটের মোট মূল্য (কথায়) |
|-------|------------|-----------|------------|---------------------|---------------------------|-------------------------|--------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ = ৫ × ৬ | ৮ |
| | | | | | | | |
- ১৯। হলফনামার তারিখ : -----
- ২০। আবেদনকারী বাংলাদেশের যে ব্যাংক হিসাবে সরাসরি (অন লাইন ব্যাংকিং সুবিধা থাকতে হবে) জামানত ফেরত পেতে অগ্রহী
(ক) হিসাব নম্বর : ----- (খ) রাউটিং নম্বর -----
(গ) ব্যাংকের নাম: ----- (ঘ) শাখা-----
(ঙ) SWIFT CODE (যদি থাকে) -----
আমি ঘোষণা করছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ সত্য এবং নির্ভুল।
আবেদনের তারিখ :-----

আবেদনকারীর স্বাক্ষর

(বিঃদ্র: আবেদনপত্র পূরণ করার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়ে পাঠ করবেন)